বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০৬.১৮.১২৫৮

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৮
২৭ জুলাই ২০২১

বিষয়: **ন্যাশনওয়াইড আইএসপি ব্যতীত অন্যান্য সকল লাইসেন্সধারী আইএসপি অপারেটর প্রান্তে স্থাপিত ক্যাশ সার্ভার অপসারণ সংক্রান্ত সময়সীমা প্রসঙ্গে।**

সূত্র: ১) বিটিআরসির পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৪১.০০১.১৮.১১২৫, তারিখঃ ০৭-০৭-২০২১ খ্রিঃ।
২) বিটিআরসির পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০৬১.১৭.৪১, তারিখঃ ০৪-০২-২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টেলিযোগাযোগ নেটওয়ার্কের শৃংখলা, জাতীয় নিরাপত্তা, রাষ্ট্রের সুরক্ষা, মনিটরিং ব্যবস্থা, গ্রাহক সংখ্যা ইত্যাদি বিবেচনায় নিয়ে সূত্রস্থ পত্র-২ অনুযায়ী কমিশন কর্তৃক গত ০৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ তারিখে ন্যাশনওয়াইড আইএসপি ব্যতীত অন্যান্য সকল লাইসেন্সধারী আইএসপি অপারেটর প্রান্তে স্থাপিত ক্যাশ সার্ভার অপসারণের জন্য ০৬ (ছয়) মাসের সময়সীমা উল্লেখপূর্বক একটি নির্দেশনা প্রদান করা হয়, যা আগামী ০৩-০৮-২০২১ তারিখে শেষ হবে। পরবর্তীতে, সমগ্র বাংলাদেশে **আইআইজি অপারেটর কর্তৃক ইন্টারনেট সেবাদাতা প্রতিষ্ঠানকে ব্যান্ডউইথ প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক PoP স্থাপনের জন্য ৩১ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়সীমা প্রদান করে কমিশন থেকে সূত্রস্থ পত্র-১ অনুযায়ী সকল আইআইজি অপারেটরকে একটি পত্র দেয়া হয়েছে।**

**২) সূত্রস্থ পত্র-১ মোতাবেক আইআইজি অপারেটরসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছে এবং উল্লেখিত সময়সীমার মধ্যে নির্দেশনাটি বাস্তবায়িত হলে "Regulatory and Licensing Guidelines for Internet Service Provider (ISP)" শীর্ষক গাইডলাইনের অনুচ্ছেদ-২২ অনুযায়ী সকল আইএসপি অপারেটরসমূহ আইআইজি হতে ব্যান্ডউইথ গ্রহণ করতে পারবে বলে আশা করা যায়।**

৩) বর্তমানে বিশ্বব্যাপী কোভিড-১৯ সংক্রান্ত মহামারীর প্রকোপের কারণে সকল ধরণের ব্যাবসায়িক কার্যক্রমসহ টেলিযোগাযোগ যন্ত্রপাতি আমদানি/রপ্তানিরর ক্ষেত্রেও এ ধরণের বিলম্ব/অন্তরায় পরিলক্ষিত হচ্ছে।

৪) এমতাবস্থায়, সার্বিক পরিস্থিতি বিবেচনা করে, সূত্রস্থ পত্র-২ এ উল্লেখিত সময়সীমা বৃদ্ধি করে ন্যাশনওয়াইড আইএসপি ব্যতীত অন্যান্য সকল আইএসপি অপারেটর প্রান্তে স্থাপিত ক্যাশ সার্ভার অপসারণের সময়সীমা **আগামী ৩১ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ** তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। ক্যাশসার্ভারসমূহ অপসারণপূর্বক এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে কমিশন বরাবর দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৫) এই নির্দেশনাটি ন্যাশনওয়াইড আইএসপি ব্যতীত অন্যান্য সকল আইএসপি অপারেটর এর অবগতি ও পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।

২৭-৭-২০২১
মাহরীন আহসান
উপ-পরিচালক

চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
কর্মকর্তা/ সত্বাধিকারী, সকল ISP (Central

Zone/ Zonal/ Category-A, B, C)
অপারেটর।

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০৬.১৮.১২৫৮/১(১৪)

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৮
২৭ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক (সকল), বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।

২) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩) ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দ, বিটিআরসি (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য)।

৪) সভাপতি/ সাধারণ সম্পাদক, আইএসপি এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি), বাড়ি-২, লেভেল-৪, রোড-২৮, ব্লক-কে, বনানী, ঢাকা-১২১৩ (সংশ্লিষ্ট সদস্য প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার অনুরোধসহ)।

৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, LM Ericsson Bangladesh Ltd. গ্রান্ড দেলভিস্তা (লেভেল-৩) প্লট – ১এ, রোড-১১৩, গুলশান-২, ঢাকা-১২১২।

৬) ব্যবস্থাপনা পরিচালক, Reve Systems Ltd., রিভ সেন্টার, প্লট#৯৪, পূর্বাচল এক্সপ্রেস হাইওয়ে, ডুমনি, খিলখেত, ঢাকা।

২৭-৭-২০২১
মাহরীন আহসান
উপ-পরিচালক